কুষ্টিয়ায় ট্রেন থেকে ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ী আটক

কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ জংশন স্টেশনে নকশী কাঁথা কমিউটার ট্রেন থেকে ৩৩০ বোতল ফেনসিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ।

আজ শনিবার (০২ নভেম্বর) ভোরে কুষ্টিয়ার মিরপুর উপজেলার পোড়াদহ রেলওয়ে জংশনে খুলনা থেকে ঢাকা গামী নকশী কাঁথা কমিউটার ট্রেনে অভিযান চালিয়ে ৩৩০ বোতল ফেন্সিডিলসহ তিন মাদক ব্যবসায়ীকে আটক করে পোড়াদহ রেলওয়ে থানা পুলিশ।

আটককৃত আসামিরা হচ্ছেন- চুয়াডাঙ্গা জেলার জীবননগর থানার আন্দলবাড়িয়া এলাকার আব্দুর রশিদ মন্ডলের ছেলে হাসান মিয়া (২১) একই এলাকার মইদুল মন্ডলের ছেলে শাকিল হোসেন (২৪) ও হামিদুল মন্ডলের স্ত্রী হাজেরা খাতুন (৪৫)।

পুলিশ সূত্রে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে খুলনা থেকে ছেড়ে আসা ঢাকাগামী নকশিকাঁথা কমিউনটার ট্রেন পোড়াদহ জংশন স্টেশনে পৌঁছালে অভিযান পরিচালনা করে পোড়াদহ রেলওয়ে থানা পুলিশ। অভিযান পরিচালনা কালে বস্তার মধ্যে রাখা ৩৩০ বোতল ভারতীয় নিষিদ্ধ ফেনসিডিল উদ্ধার করা হয়। উক্ত ফেনসিডিল বহনের দায়ে তিনজন আসামিকে গ্রেফতার করে পুলিশ।

ঘটনার সত্যতা নিশ্চিত করে পোড়াদহ রেলওয়ে থানার ওসি জহিরুল ইসলাম জহির বলেন, গোপন সংবাদের ভিত্তিতে মাদকসহ তিনজন আসামিকে গ্রেফতার করা হয়েছে। আসামিদের পোড়াদহ রেলওয়ে থানায় মাদক মামলায় বিজ্ঞ আদালতে প্রেরণ করা হবে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

আটক

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান, পিপিএম-সেবা দিকনির্দেশনায় জেলা পুলিশের সকল ইউনিটে একযোগে মাদক বিরোধী অভিযান পরিচালিত হচ্ছে।

তারই ধারাবাহিকতায় জেলা গোয়েন্দা শাখা (ডিবি) কর্তৃক মাদক বিরোধী অভিযানে জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদ নেতৃত্বে জেলা গোয়েন্দা শাখার এসআই (নিঃ)মোঃ মেফাউল হাসান, এসআই (নি:) মোঃ সাজ্জাদ হোসেন, এএসআই (নিঃ)মোঃ মামুনুর রহমান, এএসআই (নি:) মোঃ রেয়াজুল ইসলাম ও এএসআই (নি:) মোঃ রাসেল তালুকদার সহ মাদকবিরোধী অভিযানে সোমবার ভোর সাড়ে পাঁচটায় জীবননগর থানাধীন সেনেরহুদা গ্রামস্থ জনৈক মোঃ নাগর হোসেন ওরফে রিপন এর বসত বাড়ি হতে আসামি ১। মোঃ নাগর হোসেন ওরফে রিপন (৩৪), পিতা- মৃত মাহাতাব, সাং-সেনেরহুদা (পশ্চিম পাড়া), থানা-জীবননগর, জেলা-চুয়াডাঙ্গা’কে ৩৬ (ছত্রিশ) বোতল ফেনসিডিল উদ্ধার পূর্বক জব্দ করে।

ধৃত আসামীর বিরুদ্ধে জীবননগর থানায় নিয়মিত মামলা রুজু করা হয়।

দর্শনায় ফেনসিডিলসহ চাঁপাইনবাবগঞ্জের রনি আটক

দর্শনায় মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৩বোতল ভারতীয় ফেনসিডিলসহ মাদক ব্যাবসায়ী রনি (২৬) কে আটক করেছে দর্শনা থানা পুলিশ।সে চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল থানার কেন্দবনা গ্রামের মেশের আলীর ছেলে।

রবিবার সকাল সাড়ে ৮ টার দিকে দর্শনা থানা পুলিশ অভিযান চালায় কেরু এ্যান্ড কোম্পানির ১ নং গেটের সামনে পাঁকা রাস্তার উপর। এ সময় পুলিশ কাধেঁ ঝুলানো স্কুল ব্যাগের ভিতরে থেকে ২৩ বোতল ভারতীয় ফেনসডিল উদ্ধার করে।দর্শনা থানার অফিসার ইনচার্জ এ এইচ এম

লুৎফুল কবিরের নেতৃত্বে, দর্শনা থানার এস আই সোহেল রানা, এস আই সুমন্ত বিশ্বাস, এ এস আই মামুনুর রশিদ গোপন সংবাদের ভিত্তিতে সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা থানাধীন কেরু এন্ড কোম্পানীর ১ নং গেটের সামনে পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ২৩বোতল ভারতীয় ফেনসিডিলসহ নাচোল থানার কেন্দবনা গ্রামের রনি কে গ্রেফতার করে । আজ তাকে ১৯৭৪ সালের মাদক আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

মেহেরপুর শহরে ফেনসিডিলসহ স্বামী-স্ত্রী আটক

মেহেরপুর শহরের কাজি অফিসপাড়া এলাকায় মেহেরপুর টাউন ফাঁড়ির সদস্যরা অভিযান চালিয়ে ৪ বোতল ফেনসিডিলসহ স্বামী ও স্ত্রীকে আটক করেছেন।

আটকরা হলেন, কাজি অফিসপাড়া এলাকার শাহারুল ইসলাম ওরফে মাইকেল
(৩৬) ও তার স্ত্রী রেনুকা খাতুন (৩২)।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্টা) বিকাল ৬ টার দিকে মেহেরপুর শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন, এএসআই নাজমুল হোসেন, এএসআই জালাল উদ্দীনসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদে অভিযান চালিয়ে তাদের আটক করেন।

শহর পুলিশ ফাঁড়ির উপপরিদর্শক (এসআই) সোহরাব হোসেন বলেন, মুদি দোকানের আড়ালে তারা ফেনসিডিলের ব্যবসা চালাচ্ছিল। গোপন সংবাদের ভিত্তিত্বে অভিযান চালিয়ে রেনুকার শরীর থেকে ৪ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

তিনি জানান, আটক মাইকেলের বিরুদ্ধে ১ টি গাঁজার মামলা ও রেনুকার বিরুদ্ধে দুটি ফেনসিডিল মামলা আদালতে চলমান। সম্প্রতি একটি মামলায় রেনুকা খাতুনের ২ বছর কারাদন্ড হয়েছে। আপিল করে জামিনে বের হয়ে সে আবারো মাদক বিক্রি শুরু করেছে।

আটকৃতদের নামে মাদ্রক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে সদর থানায় মামলা দায়েরক করার প্রস্তুতি চলছে। এছাড়া তাদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।